গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৭.২০১৫- ৫৬৫ তারিখঃ ১৩.০৮.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ নুরে নাজনীন (১০০৭৬৬৮), সহকারী সার্জন, কোনাবাড়ী ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সদর, গাজীপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ নুরে নাজনীন (১০০৭৬৬৮), সহকারী সার্জন, কোনাবাড়ী ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সদর, গাজীপুর গত ১৫.০৫.২০১৩ তারিখ হতে ২৫.০৭.২০১৫ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনার উপরিল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

১৩/০৮/২০১৫
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ নুরে নাজনীন (১০০৭৬৬৮)
সহকারী সার্জন
কোনাবাড়ী ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র
সদর, গাজীপুর।
(স্থায়ী ঠিকানাঃ- মোঃ নুরুজ্জামান, গ্রাম-কাকিলাকুরা, পোঃ-মালামাবি, উপজেলা-শ্রীবর্দী, জেলা-শেরপুর)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৭.২০১৫- ৫৬৫/১(৫) তারিখঃ ১৬.০৮.২০১৪ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
৩। সিভিল সার্জন, গাজীপুর।
৪। সিনিয়র সহকারী সচিব (পার-৩),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

১৬/০৮/২০১৫
(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

ডাঃ নুরে নাজনীন (১০০৭৬৬৮), সহকারী সার্জন, কোনাবাড়ী ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সদর, গাজীপুর গত ১৫.০৫.২০১৩ তারিখ হতে ২৫.০৭.২০১৫ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

২০/০৬/২০১৫

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৪.২০১৪- ৫৬৫ তারিখঃ ২৬.০৮.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ মোঃ লুৎফুল কবীর (১০০৩৯৭০), ইমার্জেন্সি মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, নীলফামারী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোঃ লুৎফুল কবীর (১০০৩৯৭০), ইমার্জেন্সি মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, নীলফামারী গত ০১.০৭.২০১৪ তারিখ হতে ১৩.১০.২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনার উপরিল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

২৬/০৮/২০১৫
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ লুৎফুল কবীর (১০০৩৯৭০)
ইমার্জেন্সি মেডিকেল অফিসার
সদর হাসপাতাল, নীলফামারী।
(স্থায়ী ঠিকানাঃ- পিতা-মোঃ আলী, হাউজ-৯৪, রোড নং-০৬, কেরানীপাড়া, রংপুর-৫৪০০)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৪.২০১৪- ৫৬৫/১(৫) তারিখঃ ২৬.০৮.২০১৪ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
৩। সিভিল সার্জন কাম তত্বাবধায়ক, সদর হাসপাতাল, নীলফামারী।
৪। সিনিয়র সহকারী সচিব (পার-৩),স্বাস্থ্য ও পরিবার কল্যণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

২৬/০৮/২০১৫
(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

ডাঃ মোঃ লুৎফুল কবীর (১০০৩৯৭০), ইমার্জেন্সি মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, নীলফামারী গত ০১.০৭.২০১৪ তারিখ হতে ১৩.১০.২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

20/05/2015

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭০.২০১৪- ৫৬৭ তারিখঃ ২৬.০৮.২০১৫ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ নাহিদ ই-সুবহা (১১৪৭৬০), মেডিকেল অফিসার, সরকারী আউটডোর ডিসপেনসারী (জিওডি), উত্তরা, ঢাকা গত ০১.০৭.২০১০খ্রিঃ তারিখ হতে ১২.০২.২০১৩খ্রিঃ তারিখ পর্যন্ত 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ২৪.০৭.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭০.২০১৪-৫৮৬নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমানিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ নাহিদ ই-সুবহা (১১৪৭৬০), মেডিকেল অফিসার, সরকারী আউটডোর ডিসপেনসারী (জিওডি), উত্তরা, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আগামী ০১(এক) বছরের জন্য ২০০৯ সালের জাতীয় বেতন স্কেলের টাকা ১১,০০০-৪৯০X৭-১৪৪৩০-ইবি-৫৪০X১১-২০৩৭০/- এর সর্বনিম্ন ধাপে অবনমিত করে তাঁর বেতন ১১,০০০/-টাকা নির্ধারণ করার শাস্তি আরোপ করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। আদেশ জারির তারিখ থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে। তাঁর ০১.০৭.২০১০ তারিখ হতে ১২.০২.২০১৩ তারিখ পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

গত ০১.০৭.২০১০ তারিখ হতে ১২.০২.২০১৩ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে উক্ত সময়ে অবৈধভাবে স্বাস্থ্য অধিদপ্তরের ওএসডি পদের বিপরীতে বেতন-ভাতা গ্রহণ করায় তাকে বর্ণিত সময়ে উত্তোলিত বেতন-ভাতাদি ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো।

২০/০৮/২০১৫
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭০.২০১৪- ৫৬৭/১(১৩) তারিখঃ ২৬.০৮.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। সিভিল সার্জন, ঢাকা/গাজীপুর।
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর।
১১। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর।
১২। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৩। ডাঃ নাহিদ ই-সুবহা (১১৪৭৬০), মেডিকেল অফিসার, সরকারী আউটডোর ডিসপেনসারী (জিওডি), উত্তরা অ্যাসোসিয়েশন, রোড-২০, সেক্টর-০৩, উত্তরা, ঢাকা।

২৬/০৮/২০১৫
(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০৪.০০.০০৫.২০১৩- ৫৪০ তারিখঃ ২৪.০৮.২০১৫ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ এখলাসুর রহমান (৩০৪৭৮), অধ্যাপক (শিশু), ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা (প্রাক্তন লাইন ডাইরেক্টর, এনএনএস) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে ২৭.০৪.২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০৪.০০.০০৫.২০১৩-২২৬নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১১.০৮.২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, এনএনএস কর্মসূচির সকল ট্রেনিং ভেনুসমূহ ঢাকার বাইরে অবস্থিত হলেও ঢাকায় অবস্থিত স্টেশনারী দোকান হতে পেটি ভাউচারের মাধ্যমে ট্রেনিং মেটারিয়াল ক্রয় করা হয়েছে এবং এ কাজে বিতরণ, বহন এবং রিসিভ রেজিস্ট্রার সংরক্ষণ করা হয়নি। প্রশিক্ষণ সিডিউল/মডিউল, অফিস আদেশ, লেকচার শিডিউল, রেজিষ্ট্রেশন এবং হাজিরা খাতা সংরক্ষণ না করে এবং অফিস আদেশ ব্যতীত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিতে অযৌক্তিকভাবে ১০,৯১,৮৮,০০০/- টাকা ব্যয় করেছেন। তিনি আর্থিক বিধি বিধান লংঘন করে নিয়ম বহির্ভূতভাবে চেকের পরিবর্তে ১৩,৭৯,৭৪,০৯০/- টাকা বিভিন্ন ডাক্তার ও সিভিল সার্জনদের নগদ প্রদান করেছেন এবং নগদ অর্থ প্রদানের ক্ষেত্রে যথাযথভাবে ব্যয় সমন্বয় করা হয়নি। এছাড়াও সম্মানী গ্রহণের ক্ষেত্রে দেখা যায়, তিনি ন্যাশনাল কো-অর্ডিনেটর (নন-লোকাল) হিসেবে ২৮৯০ কর্ম দিবস দেখিয়ে (২০৮৫দিনX১০০০, ৭৯০দিনX৮০০/- এবং ৪৫দিনX১২৫০/-) বিভিন্ন ট্রেনিং/ওয়ার্কশপে স্বশরীরে উপস্থিত না হয়েও তিনি প্রাপ্যতা বহির্ভূতভাবে ২৮,২৪,২৫০/- টাকা সম্মানী হিসেবে গ্রহণ করেন যদিও ২০১২ সালের মার্চ/১২ হতে জুন/১২ পর্যন্ত সময়ে ছিল ৭০ কার্য দিবস। পরবর্তীতে অডিট আপত্তির পরিপ্রেক্ষিতে প্রাপ্যতা বহির্ভূতভাবে গ্রহণকৃত মোট ২৫,৫৭,২৫০/- টাকা সরকারি কোষাগারে ফেরত প্রদান করেছেন। প্রাপ্যতা বর্ভূতভাবে সম্মানী গ্রহণ করে আপত্তিকৃত অর্থ ফেরৎ প্রদান করায় আর্থিক অনিয়ম সংঘটনের সাথে জড়িত থাকার বিষয়টি স্পষ্ট হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ এখলাসুর রহমান (৩০৪৭৮), অধ্যাপক (শিশু), ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ হতে আগামী ০১(এক) বছরের জন্য তাকে বর্তমানে প্রাপ্য তাঁর বেতন স্কেলের ০১(এক) ধাপ নীচে অবনমিত করার শাস্তি আরোপ করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। আদেশ জারির তারিখ থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে।

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০৪.০০.০০৫.২০১৩-৫৪০/১(১০) তারিখঃ ২৪.০৮.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা।
৪। যুগ্ম-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। উপ-সচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। ডাঃ মোঃ এখলাসুর রহমান (৩০৪৭৮), অধ্যাপক (শিশু), ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা।

২৪/০৮/২০১৫
(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd